



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি


স্মারক নং- ৯/১৯/অধ্যক্ষ/মামলা/২২/৫৫/১৯৯৯

তারিখ: ১৬/১১/২০১৭

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর আওতাধীন সকল স্কুল/স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণের অবগতির জন্য জানানো যাচ্ছে, যে কোন শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য বোর্ডে দাখিলের সময় প্রয়োজনীয় কাগজ পত্রের সঙ্গে মামলা সংক্রান্ত প্রত্যয়ন অবশ্যই জমা দিতে হবে। ৩০০/- (তিন শত) টাকার Non Judicial Stamp এ এই অঙ্গীকার প্রদান করতে হবে। অঙ্গীকার নামায় সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে:

“দাখিলকৃত কমিটি বোর্ড কর্তৃক অনুমোদিত হওয়ার পর এ বিষয়ে কোনরূপ মামলা হলে বিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে সেই মামলা পরিচালনা করা হবে”।

চেয়ারম্যানের আদেশ ক্রমে



বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd


বিজ্ঞপ্তি নং- ০১/জে,এস,সি(নিব:)০২/বিপ

তারিখ: ০৯/০৮২০১৭

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী এর আওতাধীন মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক পর্যায়ে পাঠদান/স্বীকৃতি প্রাপ্ত বিদ্যালয়/মহাবিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষগণের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, তাঁদের প্রতিষ্ঠান সমূহে ২০১৭ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যদি কোন শিক্ষার্থীর নিবন্ধন সম্পন্ন না হয়ে থাকে তবে সেসব শিক্ষার্থীর নিবন্ধন কার্যক্রম আগামী ২০/০৮/২০১৭ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। উক্ত তারিখের পর কোন শিক্ষার্থীর নিবন্ধন করা যাবে না।

কোন শিক্ষার্থীর নিবন্ধন বাকী থাকলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে বহন করতে হবে। বোর্ড এ বিষয়ে কোন দায়িত্ব বহন করবে না।


(দেবশীষ রঞ্জন রায়)
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
ফোন নং-০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)